

# ১৯৭১ এর প্রথম ইফতার

gyw<sup>3</sup>chv×v ‡gvt ingZzj-vn,  
- †Kv#úvbx KgvÚvi, 11 bs †m±i 1971

AbywjLb: b~i“<sup>3</sup>/<sub>4</sub>vgvb gwwbK

মিত্রবাহিনীর কর্নেল রাও নির্দেশ দিলেন, সকাল ৮টায় বিশেষ ট্রেনিংয়ে তুরা ( ভারত) যেতে হবে। তখন ভোর ৫টা। সেদিন ছিল পয়লা রমজান। আগেই সাহরী খেয়ে নিয়েছি। সব যোদ্ধাকে প্রস্তুত হতে আদেশ দিলাম। যথাসময়ে ১০/১২টি ট্রাক এসে পড়ল। তুরা পার হওয়ার পর ইফতারের সময় হলো, ট্রাকেই আছি। কারো কাছে ইফতার করার মতো কোনো খাবার, এমনকি পানি পর্যন্ত ছিল না। আমার পকেটে সিগারেট ছিল, অগত্যা তা দিয়েই ইফতার (তখন জানতাম না এটি ইসলাম সমর্থন করে কিনা)। আমাদের সঙ্গে ইপিআর রফিক অবশ্য ধূমপান করেন না বিধায় কলেমা পাঠকরতঃ আল্লাহর নামে ইফতার করলেন। তুরা ট্রেনিংয়ের স্থানটির নাম এখন মনে করতে পারছি না। তবে তুরা জেলা সদর শহর পেরিয়ে আরো ৪/৫ ঘন্টা ট্রাক যাওয়ার পর একটি স্কুলের সামনে ট্রেনিং কমান্ডার যাত্রা স্থগিত করলেন। লক্ষ্য করলাম। এখানে খাওয়া-খাকার কোনো ব্যবস্থা নেই। ট্রেনিং কমান্ডার বললেন, সময়মত খাদ্য আসবে। সারাদিন রোজা রাখা, ইফতারের পর ক্ষুধা বোধ করলাম। চারদিকে শুধু পাহাড়- জঙ্গল- অন্ধকার ভাগ্য ভালো, স্কুলে হারিকেন জাতীয় বাতি ছিল। রাত যখন ১০টা তখন রঙটি-ডাল আসলো সবাই খেয়ে নিলাম। এভাবেই কাটল মুক্তিযুদ্ধকালে রমজানের প্রথম দিন। (2005 সালে ``wbK Avgvi‡`‡k 1ম c<sup>a</sup>KvwkZ )